

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.১৪০

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮

২৪ ফেব্রুয়ারি ২০২২

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.২ এ বর্ণিত সেবা সহজিকরণ কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

ক্রমিক	কার্যক্রমের নাম	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	তথ্য বাতায়নে “মিডিয়া কর্ণার” স্থাপন	জনাব মোহাম্মদ জোবায়ের প্রোগ্রামার (আইসিটি অধিশাখা)
০২	স্থাপিত “মিডিয়া কর্ণার” নিয়মিত হালনাগাদকরণ	জনাব মোহাম্মদ আবুল খায়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

২৪-২-২০২২

মোঃ নজরুল ইসলাম

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.১৪০/১(৯)

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮

২৪ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

- ৪) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৬) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-২-২০২২


মোঃ নজরুল ইসলাম
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সেবা সহজিকরণের পূর্বের অবস্থা:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক গৃহিত বিভিন্ন পদক্ষেপ ও সিদ্ধান্ত সংক্রান্ত তথ্য, উপাত্ত, প্রেসরিলিজ ইত্যাদি সংগ্রহ করতে সংবাদ বা মিডিয়া কর্মী বা জনগণকে সচিবালয়ের নিরাপত্তাপাস সংগ্রহ থেকে শুরু করে দাপ্তরিক ভবন অবস্থিত কর্মকর্তা/কর্মচারীদের সংস্পর্শে আসাটা বেশ ঝামেলাপূর্ণ ও কষ্টসাধ্য ব্যাপার। তাছাড়া অনিশ্চিতভাবে আসা-যাওয়ায় অনেক সময় ও টাকা ব্যয় করতে হয়। বিদ্যমান অবস্থায় একজন সংবাদকর্মী বা সেবা গ্রহীতাকে সশরীরে এ বিভাগে এসে তথ্য/উপাত্ত সংগ্রহ করতে হয় বা পেতে হয়। কিন্তু কোভিড-১৯ অতিমারীর প্রাদুর্ভাবের ফলে স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাওয়ায় বিষয়টি আরও জটিল আকার ধারণ করেছে। এখন জনগণ বা সেবা গ্রহীতা বা গণমাধ্যম কর্মীদের জন্য তথ্য সংগ্রহ করাটা বেশ কষ্ট সাধ্য ও সময় সাপেক্ষ হয়ে পড়েছে। যার ফলে সাধারণ জনগণ/সেবা গ্রহীতা/গণমাধ্যম কর্মী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বিভিন্ন পদক্ষেপ সংক্রান্ত সঠিক তথ্যাদি জানতে পারছে না।


সেবা সহজিকরণের পূর্বের অবস্থার প্রসেস ম্যাপ:



সেবা সহজিকরণের বর্তমান অবস্থা:

বর্তমান সরকার জনগণের দৌড়গোড়ায় সেবা পৌঁছে দেবার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। এর ই ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ওয়েবসাইটে একটি মিডিয়া কর্নার মেনু তৈরি করা হয়েছে। যার মাধ্যমে এ বিভাগ কর্তৃক গৃহিত বিভিন্ন পদক্ষেপ ও সিদ্ধান্ত সংক্রান্ত তথ্য/উপাত্ত যেমন: পাবলিক পরীক্ষা সংক্রান্ত তথ্য, পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত তথ্য, স্কুল-কলেজের ভর্তির নীতিমালা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষা মন্ত্রীর বক্তব্য, বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত তথ্য, শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত তথ্য, নিয়োগ, পদোন্নতি, পদায়নসহ বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি জনসাধারণ ও সংবাদ মাধ্যম এর কাছে সঠিক সময়ে পৌঁছে দেয়া সম্ভব হচ্ছে। ফলশ্রুতিতে সাধারণ জনগণ বিষয়টি অনলাইনে (ওয়েব সাইটের মাধ্যমে) সহজে জানতে পারবেন এবং সাংবাদিকবৃন্দ বিভিন্ন সংবাদ মাধ্যমে খবরটি প্রচার করতে পারবেন। এতে সেবা গ্রহীতাগণের আগমন, সময় ও ব্যয়ের সাশ্রয় ঘটবে।

সেবা সহজিকরণের পরের অবস্থার প্রসেস ম্যাপ:




T: ৫ মিনিট
C: ০.০০
V: ০


তুলনামূলক বিশ্লেষণ:

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধান
১। সেবার প্রক্রিয়া	হার্ড কপিতে। এতে সময়ের অপচয় হতো।	অনলাইনের মাধ্যমে। এতে সময় ও অর্থের সাশ্রয় হচ্ছে।
২। সেবার ধাপ	৫টি	৩ টি
৩। রেকর্ড/তথ্য সংরক্ষণ	হার্ড ফাইল	সফট্ ফাইল
৪। প্রযুক্তির প্রয়োগ	প্রয়োজন ছিল না	তথ্য প্রযুক্তির মাধ্যমে
৫। খরচ (নাগরিক+অফিস)	আছে	নাই
৬। সময় (নাগরিক+অফিস)	প্রায় পুরো ১টি দিন	৫ মিনিট
৭। যাতায়াত (নাগরিক)	আছে	নাই
৮। সুবিধাভোগী	দেশের সাধারণ জনগণ, ছাত্র, শিক্ষক এবং সাংবাদিকবৃন্দ।	দেশের সাধারণ জনগণ, ছাত্র, শিক্ষক এবং সাংবাদিকবৃন্দ।

স্টেপ ১: প্রথমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অফিসিয়াল ওয়েবসাইট (shed.gov.bd) এ প্রবেশ।



স্টেপ ২: মেনুবারে গিয়ে মিডিয়া কর্নার থেকে প্রেস রিলিজে ক্লিক।



স্টেপ ৩: প্রেস রিলিজ ক্লিক করলে নিচের প্রেস রিলিজ টেবিলটি পাওয়া যাবে।

The screenshot shows the 'প্রেস রিলিজ' (Press Release) section of the website. It features a header with the title 'আমার ঘরে আমার স্কুল' and the Ministry of Education logo. Below the header is a table of press releases. The table has columns for 'ক্রমিক' (Serial), 'শিরোনাম' (Title), 'প্রকাশের তারিখ' (Release Date), and 'ডাউনলোড' (Download). Two releases are listed: one dated 2022-02-13 and another dated 2022-01-08. To the right of the table is a sidebar with a portrait of an official and the text 'মাননীয় মন্ত্রী' (Honorable Minister).

ক্রমিক	শিরোনাম	প্রকাশের তারিখ	ডাউনলোড
১৬৭	উচ্চমাধ্যমিক, আলিম, উচ্চমাধ্যমিক (ডোকুমেন্ট), উচ্চমাধ্যমিক (বাবস্থাপনা) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষার ফলা প্রকাশ-২০২১	২০২২-০২-১৩	PDF XLS
১৬৬	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে নতুন সচিবের যোগদান	২০২২-০১-০৮	PDF

স্টেপ ৪: এরপর প্রেস রিলিজ গুলোর টাইটেল থেকে প্রয়োজনীয় সংবাদটি ডান পাশের ডাউনলোড অপশন থেকে সংগ্রহ করতে হবে।